


যুগ্মান্তর

ঢাবিতে কক্ষ দখল নিয়ে ছাত্রলীগের দু'গ্রন্থপে সংঘর্ষ

প্রকাশ : ১০ জানুয়ারি ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাস্টারদা সূর্য সেন হলে কক্ষ দখলকে কেন্দ্র করে ছাত্রলীগের দু'গ্রন্থপের মধ্যে সংঘর্ষ হয়েছে। মঙ্গলবার রাত ২টার দিকে সংগঠনটির কেন্দ্রীয় সভাপতি রেজওয়ানুল হক চৌধুরী শোভন ও বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক সাদাম হোসেনের অনুসারীদের মধ্যে এ ঘটনা ঘটে। এ ঘটনায় কেউ আহত হয়নি। ঘটনা তদন্তে তিনি সদস্যের কমিটি গঠন করেছে হল প্রশাসন।

প্রত্যক্ষদর্শী কয়েকজন জানান, হলের ২০৭ নম্বর কক্ষের নিয়ন্ত্রণ নিয়ে সংঘর্ষ হয়। কক্ষটি এতদিন ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি শোভনের অনুসারীদের নিয়ন্ত্রণে ছিল। ওই কক্ষে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাদামের অনুসারীরা তাদের কর্মীদের ওঠানোর চেষ্টা করে। বিষয়টি নিয়ে দুই পক্ষের নেতাকর্মীদের মধ্যে উত্তপ্ত বাক্যবিনিময় হয়। এক পর্যায়ে সাদামের অনুসারীরা হলের অতিথিকক্ষে আর শোভনের অনুসারীরা দোকানের সামনে জড়ো হয়। কিছুক্ষণের মধ্যেই দুই পক্ষের নেতা-কর্মীরা লাঠিসোটা নিয়ে পরস্পরের ওপর চড়াও হয়। আধা ঘটা ধরে সংঘর্ষ চলে। পরে শোভন ও সাদামের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়।

জানতে চাইলে সূর্য সেন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামাল যুগান্তরকে বলেন, ব্যপারটি শুনেই আমি ঘটনাস্থলে যাই। ঘটনা তদন্তে হলের আবাসিক শিক্ষক মোহাম্মদ বাহাউদ্দিনকে আহ্বায়ক করে তিনি সদস্যের কমিটি করে দিয়েছি। যারা বিবাদে লিঙ্গ হয়েছিল, তাদের ডেকে নিয়ে বক্তব্য শুনছি। কমিটির প্রতিবেদন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

ঘটনার বিষয়ে জানতে ছাত্রলীগ সভাপতি রেজওয়ানুল হক চৌধুরী শোভনকে একাধিকবার ফোন করা হলেও তিনি রিসিভ করেননি। বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাদাম হোসেন বলেন, এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেব। পাশাপাশি বিশ্ববিদ্যালয় প্রশাসনও তাদের মতো করে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে কাজ করছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার
বেআইনি।